

ইচ্ছাশক্তির জয়গাঁথা

রবীন্দ্রনাথ ঠাকুরের সাথে হেলেন কেলারের সাক্ষাৎ হয় আমেরিকার নিউইয়র্কের এক বক্তৃতার আসরে।যে সাক্ষাৎ কে সেদেশের সংবাদপত্রে ব্যাখ্যা করা হয় ' A sage from the Orient meets a famous woman of the Occident ' হেলেন কেলার এককথায় 'ইচ্ছাশক্তির প্রতীক'।উনি দেখিয়েছেন কেবল ইচ্ছা শক্তির উপর ভর করে যে কোন বাধা বিপত্তি অতিক্রম সম্ভব।মাত্র ১৯ মাস বয়সে মারাত্মক এক জ্বরের কারণে অন্ধ এবং বধির হয়ে গিয়েছিলেন হেলেন।মুখের ভাষাটাও ঠিক করে আয়ত্ত করতে পারেননি।সেখানথেকে শুধু ইচ্ছাশক্তির জোরে নিজের প্রতিবন্ধকতার কাছে হেরে না গিয়ে উনি হয়ে উঠেছিলেন লেখক,শিক্ষক এবং রাজনৈতিক ব্যক্তিত্ব।এক অন্ধ ও বধির ব্যক্তিকে শিক্ষাদানের মতো আপাতদৃষ্টিতে এই অসম্ভব কাজকে সফল ভাবে করার জন্য ইতিহাসে বিখ্যাত হয়ে আছেন কেলারের শিক্ষক 'অ্যানা সুলিভান'।

হেলেন কেলার মূলত স্পর্শ এবং অনুভবের দ্বারা বিশ্বের যে কোনো মানুষের সঙ্গে তাঁর পরিচয় স্থাপন করতেন,সেই মানুষ সম্পর্কে বর্ণনা করতেন। সেইদিন সভার শেষে স্পর্শ এবং অনুভবের দ্বারা হেলেন রবীন্দ্রনাথকে অনুধাবনের চেষ্টা করেন।রবিঠাকুরের পাশে বসে হেলেন তাঁর অভিজ্ঞতা সম্পর্কে বর্ণনা করেছেন "Sitting beside Rabindranath Tagore & sharing his thoughts is like spending one's days beside the sacred river drinking deep of honeyed wisdom"

সঠিক উত্তর চিহ্নিত কর

১) রবীন্দ্রনাথের সাথে হেলেন কেলারের সাক্ষাৎ হয় আমেরিকার নিউইয়র্কে/ইউরোপে/লস এঞ্জেলসে/কানাডায়।

২) হেলেন কেলার সত্যতার প্রতীক/ইচ্ছা শক্তির প্রতীক/একাগ্রতার প্রতীক/এর কোনটাই নয়।

৩) হেলেন কেলার ছিলেন জন্মান্ত/মাত্র আঠারো মাস বয়সে এক দুরারোগ্য ব্যাধিতে অন্ধ হন/মাত্র উনিশ মাস বয়সে মারাত্মক এক জ্বরের কারণে অন্ধ ও বধির হয়ে গিয়েছিলেন /এর কোনটাই নয়

৪)হেলেন কেলারের শিক্ষক ছিলেন অ্যানা গোমস্ /অ্যানা ব্রাউন/অ্যানা সুলিভান।

৫)হেলেন কেলার মূলত বাকশক্তির দ্বারা/স্পর্শ ও অনুভবের দ্বারা /মিষ্টি ব্যবহারের দ্বারা/উপরের সবগুলো দ্বারা বিশ্বের যেকোন মানুষের সঙ্গে পরিচয় স্থাপন করতেন।

৬) একাধারে লেখক , শিক্ষক, ও রাজনৈতিক ব্যক্তিত্ব ছিলেন রবীন্দ্রনাথ /হেলেনের শিক্ষক/হেলেন স্বয়ং/এদের কেউ নয়।

৭) ইচ্ছা শক্তির উপর ভিত্তি করে যেকোন প্রতিবন্ধকতাকে জয় করা সম্ভব/অসম্ভব/আংশিক সম্ভব/এর কোনটাই নয়।

৮) রবীন্দ্রনাথের সান্নিধ্যের সাথে হেলেন জ্ঞানবৃক্ষের /পবিত্র নদী/এক রাজনৈতিক ব্যক্তিত্ব /উপরের সবগুলোর সাথে তুলনা করেছেন।

৯)বধির শব্দের অর্থ দর্শনে অক্ষম /শ্রবণে অক্ষম /স্পর্শে অক্ষম /এর কোনটাই নয়।

১০) হেলেনের সঙ্গে রবীন্দ্রনাথের সাক্ষাৎ হয় একটি গ্রন্থাগারে/পাঠশালায়/এক উদ্যানে/এর কোনটাই নয়।

